দৈনিক সংবাদ

তারিখ 02 JUN 1998
পৃষ্ঠা ৭ কলাম ৬

13

# একটি চিঠি।। ইবি'র শিক্ষকরা আতঙ্কিত

ঝিনাইদহ, ১লা জুন (নিজস্ব সংবাদ-দাতা)।– নিষিদ্ধ ঘোষিত চরমপন্থী দলের সশস্ত্র ক্যাডারদের হুমকিতে ইসলামী বিশ্ববিদ্যালয়ের শিক্ষকদের মধ্যে আতঙ্ক ছড়িয়ে পড়েছে।

সংশ্লিষ্ট সূত্রে জানা গেছে, গত ১৮ই মে ১ম বর্ষ সম্মান শ্রেণীতে ভর্তিচ্ছু একদল ছাত্র নিষিদ্ধ ঘোষিত চরমপন্থী দলের কথিত নেতা সোনা মিয়ার লেখা একটি চিঠি নিয়ে রাষ্ট্রনীতি ও লোক প্রশাসন বিভাগের চেয়ারম্যান নাসিমা বানুর কাছে যায়। চিঠিতে 'কয়েকজন ছাত্রকে ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ করে ১ম বর্ষ সম্মান শ্রেণীতে ভর্তির সুযোগ করে দেয়ার নির্দেশ দেয়া হয়। নির্দেশ মানা না হলে, লাশ হয়ে বাড়ি ফিরতে হবে বলে ও চিঠিতে হুমকি দেয়া হয়। চিঠিতে আরও বলা হয়, চাকরি থেকে জীবন বড়। জীবন বাঁচিয়ে চাকরি করতে হলে উল্লিখিত ছাত্রদেরকে ভর্তির সুযোগ করে দিতে হবে।'

নাসিমা বানু বিষয়টি তাৎক্ষণিকভাবে প্রক্টর ডঃ আবদুল করিমকে জানান এবং পত্রবাহক ছাত্রদের প্রক্টরিয়াল বডির কাছে সোপর্দ করেন। কিন্তু অজ্ঞাত কারণে পরে তাদের ছেড়ে দেয়া হয়। এ ঘটনার পর থেকে শিক্ষকদের মাঝে আতঙ্ক বিরাজ করছে।